

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
প্রশাসন-১ শাখা
জাতীয় স্কাউট ভবন (১২ ও ১৩তম তলা)
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক,
কাকরাইল, ঢাকা-১০০০১
www.jamuka.gov.bd



নং: ৪৮.০২.০০০০.০০১.০০.২৯২.১৮-২৩২৮


তারিখ ২৫ অগ্রহায়ণ, ১৪২৭ বঃ
১০ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ

স্পষ্টীকরণ বিজ্ঞপ্তি

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল (জামুকা) এর ৭১ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল আইন -২০২০ এর ধারা ৭(ঝ) ব্যত্যয় ঘটিয়ে জামুকায় অনুমোদন ব্যতীত যে সকল বেসামরিক গেজেট প্রকাশিত হয়েছে তা যাচাই-বাছাই করা হবে মর্মে ইতোপূর্বে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এ সংক্রান্ত যাচাই-বাছাই নীতিমালা/নির্দেশিকা এবং গেজেটসমূহের একটি তালিকা মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) এবং জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ওয়েবসাইট (www.jamuka.gov.bd) এ প্রকাশ করা হয়েছে।

২। এই মর্মে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, মন্ত্রণালয় ও জামুকা'র ওয়েবসাইটে যাচাই-বাছাই এর জন্য প্রকাশিত কোন বীর মুক্তিযোদ্ধার নাম ভারতীয় তালিকা বা লাল মুক্তিবর্তা বা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পরিপত্র স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫, তারিখ: ১৮ অক্টোবর ২০২০ এ স্বীকৃত ৩৩ (তেত্রিশ) ধরণের প্রমাণকে (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত) অন্তর্ভুক্ত থাকলে তিনি যাচাই-বাছাই এর আওতা বর্হিত থাকবেন।

৩। একইভাবে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত যে সকল 'বেসামরিক গেজেট' এ "জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক সুপারিশকৃত" মর্মে উল্লেখ করা হয়েছে, সে সকল গেজেটের যথার্থতার প্রমাণ পাওয়া গেলে সে সকল গেজেট যাচাই-বাছাই করারও প্রয়োজন হবে না।


২০/১২/২০২০

(মোঃ জহুরুল ইসলাম রোহেল)

মহাপরিচালক

(অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৫৮৩১৩৪০৬

ফ্যাক্স: ০২- ৫৮৩১৩৪০৫

ইমেইল: dg@jamuka.gov.bd

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থেঃ

১। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।

২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।